দৈনিক ইত্তেফাক

তারিখ 5 JUL 2017
পৃষ্ঠা 2 কলাম 2

# শিক্ষা সচিবের বিরুদ্ধে আদালত অবমাননার রুল জারি

■ ইত্তেফাক রিপোর্ট

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের সাময়িক বরখাস্তের মেয়াদ ৬০ দিন নির্ধারণ করে পরিপত্র জারি না করায় শিক্ষা সচিবের বিরুদ্ধে আদালত অবমাননার রুল জারি করেছে হাইকোর্ট। আগামী চার সপ্তাহের মধ্যে তাকে এই রুলের জবাব দিতে বলা হয়েছে। বিচারপতি মো. আশফাকুল ইসলাম ও বিচারপতি আশীষ রঞ্জন দাসের ডিভিশন বেঞ্চ গতকাল মঙ্গলবার এই আদেশ দেন।

দেড় বছর সাময়িক বরখাস্ত থাকার পর গাইবান্ধার সুন্দরগঞ্জ উপজেলার উজান তেওড়া টি ইউ এম হাই স্কুলের প্রধান শিক্ষক মো. নূরুন্নবী সরকার হাইকোর্টে আদালত অবমাননার আবেদন দায়ের করেন। ওই আবেদনে বলা হয়, পূর্বে একজন শিক্ষককে সর্বোচ্চ তিন মাসের জন্য সাময়িক বরখাস্ত করা যেত। অভিযোগের নিষ্পত্তি না হলে তিন মাস পর বরখাস্তের আদেশ আপনা আপনি উঠে যেত। ১৯৯৬ সালে ওই নিয়ম বাতিল করা হয়। অনির্দিষ্টকালের জন্য সাময়িক বরখাস্ত করে রাখা মানবিক অধিকারের লঙ্ঘন—এই যুক্তি দেখিয়ে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে বরখাস্তের মেয়াদ ৬০ দিন করার নির্দেশনা চেয়ে রিট করা হয়। ওই বছরের ১০ নভেম্বর শিক্ষকদের সাময়িক বরখাস্তের মেয়াদ ৬০ দিন নির্ধারণ করে ৩০ দিনের মধ্যে পরিপত্র জারি করতে নির্দেশ দিয়ে রায় দেয় হাইকোর্ট। কিন্তু রায় অনুযায়ী ওই পরিপত্র আজও জারি করা হয়নি। এতে আদালতের লংঘন হয়েছে বলে জানান আবেদনকারীর আইনজীবী অ্যাডভোকেট মো. হুমায়ুন কবির।